

১০/১১/০৭

**হাজী দানেশ বিশ্ববিদ্যালয়ে  
প্রতি আসনে ১৭ প্রার্থী**  
দিনাজপুর অফিস

হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২০০৮ শিক্ষাবর্ষের ভর্তি ফরম বাছাই এবং প্রবেশপত্র প্রদানের কাজ সম্পন্ন হয়েছে। এ বছর মোট পাঁচ হাজার দুইশ পঁয়ষট্টি ফরম বিক্রি হয়। এর মধ্যে শর্তনুযায়ী যোগ্য প্রার্থী হিসেবে ৫ হাজার ৯৩ জনকে প্রবেশপত্র প্রদান করা হয়েছে। বাকি ১৭২টি ফরম বিলম্বে জমা হওয়ার ও প্রয়োজনীয় যোগ্যতার অভাবে বাতিল হয়েছে। ক ইউনিট অধিকৃত এমিকালচার ও ফিশারিজ অনুষদে মোট ১৬৬৭টি এবং গড়ে প্রতি আসনের জন্য ৯ জন এবং খ ইউনিট অধিকৃত সিএসই, টেলিকমিউনিকেশন ও ফুট প্রসেস ইঞ্জিনিয়ারিং অনুষদে ১৯২৪ গড়ে ১৯ জন ও গ ইউনিট অধিকৃত বিবিএ'র ১৫০২টি গড়ে ২৮ জন ও সখিলিতভাবে গড়ে প্রতি আসনের বিপরীতে ১৭ জন প্রতিশ্রুতি করবে। ভর্তি পরীক্ষা ১ ডিসেম্বর ক ইউনিট ১০.০০টা, খ ইউনিট ১২.০০টা এবং গ ইউনিট ২.০০টায় অনুষ্ঠিত হবে।